



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ofc


ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.পি.এস.এস.এফ.ডব্লিউ.অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : dmfwestbengal@gmail.com

মেমো নং: ডি.এম.এফ/ প্রেসিডেন্ট - ০৬ / ২২

৯ই মার্চ, ২০২২

মাননীয় জেলাশাসক,
দক্ষিণ ২৪ পরগণা।
আলিপুর।



বিষয়ঃ প্রস্তাবিত 'দক্ষিণ সুন্দরবন আদিবাসি মৎস্যজীবী মেরিন সমবায় সমিতি লিমিটেড' -এর রেজিস্ট্রেশন মহাশয়,

অত্যন্ত দুঃখের সঙ্গে আমরা আপনাকে অবগত করতে বাধ্য হচ্ছি যে কাকদ্বীপ উন্নয়ন দপ্তরের আধিকারিকের কাছে বারবার আবেদন করা সত্ত্বেও প্রস্তাবিত 'সুন্দরবন আদিবাসি মৎস্যজীবী মেরিন সমবায় সমিতি লিমিটেড' -এর রেজিস্ট্রেশন -এর বিষয়ে কোনো প্রকার ব্যাখ্যা গ্রহণ করা হয় নি। (দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের ৩০.১২.২০১৯ এবং ১০.১১.২০২০ তারিখের চিঠির প্রতিলিপি সংযোজিত হল)

অনন্যোপায় হয়ে দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের তরফ আপনাকে গত ১১.১১.২০২১ তারিখে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ করা হয় (চিঠির প্রতিলিপি সংযোজিত হল)।

এতৎসত্ত্বেও বিষয়টি সম্পর্কে এখনও পর্যন্ত প্রশাসনের তরফে কোনো পদক্ষেপ গ্রহণ করা হয় নি। উল্লেখ্য যে প্রস্তাবিত 'দক্ষিণ সুন্দরবন আদিবাসি মৎস্যজীবী মেরিন সমবায় সমিতি লিমিটেড' আদিবাসী মৎস্যজীবীদের আর্থিক স্বশক্তিকরণের জন্য অত্যন্ত প্রয়োজনীয়। সরকারি দপ্তরে দীর্ঘদিন ধরে এই আবেদন ও তৎসংলগ্ন কাগজপত্র পড়ে থাকার সাধারণভাবে সরকারি কাজের ক্ষেত্রে গাফিলতির এবং বিশেষ করে আদিবাসি জনসমষ্টির প্রতি অবহেলার নিদর্শন। আমরা পুনরায় এই বিষয়ে দ্রুত কার্যকারী ব্যবস্থা নেওয়ার আবেদন জানাচ্ছি।

দ্রুত ও কার্যকারী পদক্ষেপের প্রতীক্ষায়,

আপনার বিশ্বস্ত,

সংযোজনঃ উপরে উল্লিখিত মতো

প্রদীপ চ্যাটার্জী

সভাপতি, দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

মেমো নং: ডি.এম.এফ/ প্রেসিডেন্ট - ০৬/২২/১(৫)

৯ই মার্চ, ২০২২

অবগতি এবং প্রয়োজনীয় পদক্ষেপের জন্য সংযোজনগুলি সহ প্রতিলিপি প্রেরিত হল-

- ১। প্রধান সচিব, অনগ্রসর শ্রেণী কল্যাণ দপ্তর;
- ২। প্রধান সচিব, জনজাতি উন্নয়ন দপ্তর;
- ৩। সহ মৎস্য অধিকর্তা, দক্ষিণ ২৪ পরগণা, আলিপুর।
- ৪। মহকুমা শাসক, কাকদ্বীপ।
- ৫। সমষ্টি উন্নয়ন আধিকারিক, কাকদ্বীপ।

প্রদীপ চ্যাটার্জী
সভাপতি, দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

দক্ষিণ সুন্দরবন আদিবাসী মৎস্যজীবী মেরিন সমবায় সমিতি লিমিটেড

কার্যালয়ঃ- গ্রাম + পোস্ট- মন্থাপুর, ব্লক - কাকদ্বীপ, জেলা- দঃ ২৪ পরগণা।

তাং

প্রতি,

সমষ্টি উন্নয়ন আধিকারিক,

কাকদ্বীপ ব্লক, দঃ ২৪ পরগণা।

বিষয়ঃ- প্রস্তাবিত 'দক্ষিণ সুন্দরবন আদিবাসী মৎস্যজীবী মেরিন সমবায় সমিতি লিমিটেড' -এর রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় নথিপত্রগুলি জমা।

মহাশয়,

বিনীত নিবেদন এই যে, আমাদের প্রস্তাবিত 'দক্ষিণ সুন্দরবন আদিবাসী মৎস্যজীবী মেরিন সমবায় সমিতি লিমিটেড' -এর রেজিস্ট্রেশন অত্যন্ত প্রয়োজন। এজন্য প্রয়োজনীয় নিম্নলিখিত নথিপত্রগুলি প্রত্যেকটি ৪ টি করে জমা দেওয়া হল। আমাদের সমিতি যাতে রেজিস্ট্রেশন হয় সেব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করছি।


ধন্যবাদান্তে,

বিনীত
স্বাক্ষর
স্বাক্ষর

নথিপত্রগুলির তালিকা

- ১। পূরণ করা উপবিধি ৪ কপি মুখ্য সংগঠক
- ২। পূরণ করা সমিতি নিবন্ধনের আবেদনের নিদর্শ। ৪ কপি দক্ষিণ সুন্দরবন আদিবাসী মৎস্যজীবী
- ৩। রিজল্যুশন। ৪ কপি মেরিন সমবায় সমিতি লিমিটেড
- ৪। পঃ বঃ রাজ্য সমবায় ব্যাঙ্কের কাকদ্বীপ
শাখায় জমা দেওয়া শেয়ারের রসিদ। ৪ কপি
- ৫। পঃ বঃ রাজ্য সমবায় ব্যাঙ্কের সম্মতিপত্র চেয়ে আবেদনের প্রতিলিপি। ৪ কপি
- ৬। অয়ব্যয়ের হিসাব। ৪ কপি
- ৭। শেয়ার ও ভর্তি ফি-এর তালিকা। ৪ কপি
- ৮। সমিতির এলাকা, ব্যবসার ধরণ ইত্যাদি সংক্রান্ত শংসাপত্র। ৪ কপি
- ৯। স্কিম। ৪ কপি
- ১০। স্থানীয় কৃষি উন্নয়ন সমিতির নন-ইনকামব্র্যান্স সার্টিফিকেট। ৪ কপি
- ১১। পঞ্চায়েত প্রধান প্রদত্ত জীবিকা শংসাপত্র। ৪ কপি
- ১২। পঞ্চায়েত প্রধান প্রদত্ত উপজাতি শংসাপত্র। ৪ কপি
- ১৩। সদস্য/ সদস্যগণের ভোটার/আধার পরিচয়পত্র। ৪ কপি
- ১৪। সমিতির অফিস গৃহ বিষয়ক নথি। ৪ কপি

AK
S
7/12/2019
Kakdwip Panchayat Samity
South 24 Parganas





দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন নং - ২০৪৭৪/৯২ (এন.এফ.এফ. অনুমোদিত)

প্রধান কার্যালয়ঃ- ২০/৪ শিল লেন, কলকাতা- ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স- ০৩৩ ২৩২৮৩৯৮৯; ই-মেলঃ- dmifwestbengal@gmail.com


ডায়মন্ড হারবার কার্যালয়ঃ- নিউ টাউন, ডায়মন্ড হারবার, দিঃ ২৪ পরগণা, পিন - ৭৪৩৩৩১; মোঃ- ৯৮০০২৬৬২৬৫

Memo No. MD/G/ 6/ 20

প্রতি,

সমষ্টি উন্নয়ন আধিকারিক,

কাকদ্বীপ ব্লক, দঃ ২৪ পরগণা।



Date - 10.11.2020

বিষয়ঃ প্রস্তাবিত 'দক্ষিণ সুন্দরবন আদিবাসী মৎস্যজীবী মেরিন সমবায় সমিতি লিমিটেড' - এর রেজিস্ট্রেশন।

মহাশয়,

বিনীত নিবেদন এই যে, গত ৩০/১২/২০১৯ তারিখে আপনার অফিসে প্রস্তাবিত 'দক্ষিণ সুন্দরবন আদিবাসী মৎস্যজীবী মেরিন সমবায় সমিতি লিমিটেড' - এর রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় নথিপত্রসহ আবেদনপত্র (প্রতিলিপি সংযোজিত) জমা দেওয়া হয়েছে। কিন্তু, দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, গত ৭ মাস ধরে উক্ত সমবায় সমিতির রেজিস্ট্রেশনের ব্যাপারে আপনার অফিস থেকে কোনপ্রকার ব্যবস্থা নেওয়া হয়নি।

এমতাবস্থায়, উক্ত সমবায় সমিতিটি যাতে দ্রুত রেজিস্ট্রেশন পায় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করছি। উক্ত সমবায় সমিতির রেজিস্ট্রেশনের নথিপত্র আপনার অফিস থেকে রেজিস্ট্রেশনের জন্য অ্যাসিস্ট্যান্ট ডাইরেক্টর অফ ফিসারিজ (আলিপুর) এন্ড এক্স-অফিসিও অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার অফ কো-ওপারেটিভ সোসাইটিজ-এর অফিসে অবিলম্বে পাঠানো হবে এই আশা রাখছি।

ধন্যবাদান্তে,

বিনীত

মিলন দাস

সাধারণ সম্পাদক

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

মোবাইল নং ৯৮০০২৬৬২৬৫



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন নং - ২০৪৭৪/৯২ (এন.এফ.এফ. অনুমোদিত)


প্রধান কার্যালয়ঃ- ২০/৪ শিল লেন, কলকাতা- ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স- ০৩৩ ২৩২৮৩৯৮৯; ই-মেলঃ- dmfwestbengal@gmail.com

ডায়মন্ড হারবার কার্যালয়ঃ- নিউ টাউন, ডায়মন্ড হারবার, দঃ ২৪ পরগণা, পিন - ৭৪৩৩৩১; মোঃ- ৯৮০০২৬৬২৬৫

Memo No. DMF/MD/GS/ 11/ 21

Date - 11.11.2021

প্রতি,
মাননীয় জেলা শাসক,
দঃ ২৪ পরগণা।



বিষয়ঃ প্রস্তাবিত 'দক্ষিণ সুন্দরবন আদিবাসী মৎস্যজীবী মেরিন সমবায় সমিতি লিমিটেড' - এর রেজিস্ট্রেশন।

মহাশয়,

বিনীত নিবেদন এই যে, গত ৩০/১২/২০১৯ তারিখে সমষ্টি উন্নয়ন আধিকারিক (কোকদ্বীপ ব্লক)-এর অফিসে প্রস্তাবিত 'দক্ষিণ সুন্দরবন আদিবাসী মৎস্যজীবী মেরিন সমবায় সমিতি লিমিটেড' - এর রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় নথিপত্রসহ আবেদনপত্র (প্রতিলিপি সংযোজিত) জমা দেওয়া হয়েছে।

কিন্তু, দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, এখনো পর্যন্ত উক্ত সমবায় সমিতির রেজিস্ট্রেশনের ব্যাপারে সমষ্টি উন্নয়ন আধিকারিকের অফিস কোনপ্রকার ব্যবস্থা গ্রহণ করেনি। উক্ত বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য গত ১০/১১/২০২০ তারিখে দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের পক্ষ থেকে সমষ্টি উন্নয়ন আধিকারিক (কোকদ্বীপ ব্লক)-কে চিঠি (প্রতিলিপি সংযোজিত) দিয়ে অনুরোধও করা হয়েছে।

এমতাবস্থায়, উক্ত সমবায় সমিতিটি যাতে দ্রুত রেজিস্ট্রেশন পায় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

বিনীত

মিলন দাস

সাধারণ সম্পাদক

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম
মোবাইল নং ৯৮০০২৬৬২৬৫